গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

# জাতীয় পুরস্কার/পদক সংক্রান্ত নির্দেশাবলি

(মার্চ ২০২৫ পর্যন্ত সংশোধিত)

মন্ত্রিপরিষদ বিভাগ

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মন্ত্রিপরিষদ বিভাগ
প্রশাসনিক উন্নয়ন ও সমন্বয়-২ শাখা
**www.cabinet.gov.bd**

নম্বর- ০৪.০০.০০০০.০০০.৭১২.২২.০০১০.২১.১৬৫

তারিখ: ২৭ ফাল্গুন ১৪৩১ / ১২ মার্চ ২০২৫

বিষয়: **জাতীয় পুরস্কার/পদক সংক্রান্ত নির্দেশাবলি, ২০২৫**

মন্ত্রিপরিষদ বিভাগ হইতে ৩১ বৈশাখ ১৪৩০/১৪ মে ২০২৪ তারিখে জারীকৃত জাতীয় পুরস্কার/পদক সংক্রান্ত নির্দেশাবলি আংশিক সংশোধনক্রমে নিম্নরূপ নির্দেশাবলি জারি করা হইল:

নিম্নবর্ণিত পুরস্কার/পদকসমূহ জাতীয় পুরস্কার/পদক হিসেবে গণ্য হইবে-

১) স্বাধীনতা পুরস্কার
২) একুশে পদক
৩) বেগম রোকেয়া পদক
৪) জাতীয় চলচ্চিত্র পুরস্কার
৫) জাতীয় ক্রীড়া পুরস্কার

২। জাতীয় পুরস্কার/পদকসমূহের মানক্রম, উহাদের প্রশাসনিক মন্ত্রণালয়/বিভাগ এবং পুরস্কার/পদক প্রাপকগণকে প্রদেয়সমূহ নিম্নরূপ হইবে:

| মানক্রম | পুরস্কার/পদকের নাম | প্রশাসনিক মন্ত্রণালয়/বিভাগ | প্রদেয়সমূহ |
|---|---|---|---|
| ১ | স্বাধীনতা পুরস্কার | মন্ত্রিপরিষদ বিভাগ | ১। আঠারো ক্যারেট মানের পঞ্চাশ গ্রাম স্বর্ণ দ্বারা নির্মিত একটি পদক;<br>২। পদকের একটি রেপ্লিকা;<br>৩। পাঁচ লক্ষ টাকা; এবং<br>৪। একটি সম্মাননাপত্র। |
| ২ | একুশে পদক | সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় | ১। আঠারো ক্যারেট মানের পঁয়ত্রিশ গ্রাম স্বর্ণ দ্বারা নির্মিত একটি পদক;<br>২। পদকের একটি রেপ্লিকা;<br>৩। চার লক্ষ টাকা; এবং<br>৪। একটি সম্মাননাপত্র। |
| ৩ | বেগম রোকেয়া পদক | মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয় | ১। আঠারো ক্যারেট মানের পঁচিশ গ্রাম স্বর্ণ দ্বারা নির্মিত একটি পদক;<br>২। পদকের একটি রেপ্লিকা;<br>৩। চার লক্ষ টাকা; এবং<br>৪। একটি সম্মাননাপত্র। |
| ৪ | জাতীয় চলচ্চিত্র পুরস্কার | তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয় | ১। আঠারো ক্যারেট মানের পনেরো গ্রাম স্বর্ণ দ্বারা নির্মিত একটি পদক;<br>২। পদকের একটি রেপ্লিকা;<br>৩। একটি সম্মাননাপত্র; এবং<br>৪। (ক) আজীবন সম্মাননাপ্রাপ্তকে তিন লক্ষ টাকা;<br>(খ) শ্রেষ্ঠ পূর্ণদৈর্ঘ্য চলচ্চিত্র প্রযোজককে দুই লক্ষ টাকা;<br>(গ) শ্রেষ্ঠ স্বল্পদৈর্ঘ্য চলচ্চিত্র প্রযোজককে দুই লক্ষ টাকা;<br>(ঘ) শ্রেষ্ঠ প্রামাণ্য চলচ্চিত্র প্রযোজককে দুই লক্ষ টাকা;<br>(ঙ) শ্রেষ্ঠ চলচ্চিত্র পরিচালককে দুই লক্ষ টাকা;<br>(চ) অন্যান্য ক্ষেত্রে এক লক্ষ টাকা। |

| মানক্রম | পুরস্কার/পদকের নাম | প্রশাসনিক মন্ত্রণালয়/বিভাগ | প্রদেয়সমূহ |
|---|---|---|---|
| ৫ | জাতীয় ক্রীড়া পুরস্কার | যুব ও ক্রীড়া মন্ত্রণালয় | ১। আঠারো ক্যারেট মানের পঁচিশ গ্রাম স্বর্ণ দ্বারা নির্মিত একটি পদক;<br>২। এক লক্ষ টাকা; এবং<br>৩। একটি সম্মাননাপত্র। |

৩। প্রশাসনিক মন্ত্রণালয়/বিভাগ জাতীয় পুরস্কার/পদক প্রদান অনুষ্ঠানের আয়োজন এবং এর সঙ্গে সংশ্লিষ্ট অন্যান্য দায়িত্ব পালন করিবে।

৪। মাননীয় প্রধানমন্ত্রী তাঁর অভিপ্রায় অনুযায়ী প্রধান অতিথি হিসেবে সকল জাতীয় পুরস্কার/পদক প্রদান করিবেন। স্বাধীনতা পুরস্কার ব্যতীত অন্য সকল জাতীয় পুরস্কার/পদক প্রদানের ক্ষেত্রে সভাপতিত্ব করিবেন সংশ্লিষ্ট প্রশাসনিক মন্ত্রণালয়ের দায়িত্বপ্রাপ্ত মাননীয় মন্ত্রী/প্রতিমন্ত্রী। 'স্বাধীনতা পুরস্কার' ও 'একুশে পদক' প্রদান অনুষ্ঠান পরিচালনা করিবেন মন্ত্রিপরিষদ সচিব এবং অন্য সকল জাতীয় পুরস্কার/পদক প্রদান অনুষ্ঠান পরিচালনা করিবেন সংশ্লিষ্ট প্রশাসনিক মন্ত্রণালয়/বিভাগের সচিব।

৫। প্রশাসনিক মন্ত্রণালয়/বিভাগ সংশ্লিষ্ট জাতীয় পুরস্কার/পদক প্রদানের ক্ষেত্রসমূহ, মনোনয়নপত্রের ছক, মনোনয়নপত্র দাখিল ও বাছাই প্রক্রিয়া ইত্যাদি তথ্য সংবলিত নীতিমালা/নির্দেশিকা প্রণয়ন ও প্রচারের ব্যবস্থা করিবে।

৬। জাতীয় পুরস্কার/পদক প্রাপকের তালিকা 'জাতীয় পুরস্কার সংক্রান্ত মন্ত্রিসভা কমিটি'র সুপারিশক্রমে চূড়ান্ত করা হইবে।

৭। জাতীয় পরিবার পরিকল্পনা পুরস্কার, জাতীয় শিশু পুরস্কার, জাতীয় সমবায় পুরস্কার ও জাতীয় যুব পুরস্কার জাতীয় পর্যায়ে প্রদান অব্যাহত থাকিবে। এইগুলি জাতীয় পুরস্কার সংক্রান্ত মন্ত্রিসভা কমিটি এবং মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক জারীকৃত এই নির্দেশাবলির আওতা বহির্ভূত থাকিবে। এই সকল পুরস্কার প্রদানের জন্য সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ প্রচলিত নীতিমালা/নির্দেশিকা অনুসরণ করিতে পারিবে এবং প্রযোজ্য ক্ষেত্রে যথাযথ কর্তৃপক্ষের অনুমতি গ্রহণপূর্বক নতুন নীতিমালা/নির্দেশিকা প্রণয়ন করিতে পারিবে।

৮। স্বাধীনতা পুরস্কার দেশের সর্বোচ্চ বেসামরিক পুরস্কার। অন্য কোনো জাতীয় পুরস্কারে প্রদেয় স্বর্ণ বা নগদ অর্থের পরিমাণ স্বাধীনতা পুরস্কারে প্রদেয় স্বর্ণ বা নগদ অর্থের সমান বা অধিক হইবে না।

৯। এই নির্দেশাবলি অবিলম্বে কার্যকর হইবে।

২২.৬.২০২০

(ড. শেখ আব্দুর রশীদ)
মন্ত্রিপরিষদ সচিব